

সরকারী যাকাত ফান্ড

যাকাত ইসলামের পাঁচটি স্তম্ভের অন্যতম। যাকাত ইসলামী সমাজ ব্যবস্থায় অর্থনৈতিক ভারসাম্য সৃষ্টির অন্যতম উপায়। ধনী ও দরিদ্রের মধ্যে ব্যাপক পার্থক্য যাকাতের মাধ্যমে কমিয়ে আনা সম্ভব। পরিকল্পিত ও সংগঠিতভাবে যাকাত সংগ্রহ এবং ব্যবহার নিশ্চিত করার জন্য বাংলাদেশ সরকার ১৯৮২ সালে যাকাত ফান্ড অধ্যাদেশ জারী করেন। অধ্যাদেশ অনুযায়ী ইসলামী বিধান মোতাবেক যাকাত সংগ্রহ এবং ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে দেশের প্রখ্যাত আলেমদের নিয়ে একটি যাকাত বোর্ড গঠন করা হয়। যাকাত ফান্ডের অর্থ দিয়ে বর্তমানে শিশু হাসপাতালের মাধ্যমে দুস্থ ও অসহায় শিশুদের চিকিৎসা প্রদান, দুস্থ বিধবাদের সেলাই প্রশিক্ষণ প্রদান, দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান, দারিদ্র বিমোচনে রিক্র্যা/ভ্যান ও সেলাই মেশিন প্রদান, বিধবা পুনর্বাসনে হাস-মুরগী ও গাভী-ছাগল প্রদান, গৃহহীনদের গৃহ নির্মাণ, মোটর ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান, ক্ষুদ্র ব্যবসায়ে পুঁজি প্রদান ও দুর্যোগ এলাকাসমূহে শীতবস্ত্র ও ত্রাণ সামগ্রী বিতরণ ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

২। বিদেশে বসবাসরত বাংলাদেশী ধনী বিত্তশালী যদি তাঁদের যাকাতের অর্থ সরকারী যাকাত তহবিল প্রদান করেন তাহলে যাকাত ফান্ডকে আরো সমৃদ্ধ করা সম্ভব বলে সরকার মনে করে। বাংলাদেশে “সরকারী যাকাত ফান্ডে” যে সকল ব্যাংক যাকাতের টাকা সংগ্রহ করা হয় তার নাম ও হিসাব নম্বর নিম্নরূপঃ

ক্রমিক নং	ব্যাংকের নাম	হিসাব নম্বর
১.	সোনালী ব্যাংক, লোকাল অফিস	চলতি-০০০২৩৩০০৫২০৫
২.	জনতা ব্যাংক, লোকাল অফিস	চলতি-০১০২৩৩০০৯৭১৭
৩.	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, লোকাল অফিস	পি, এল, এস, ডি, এ-০২২২৯০২১
৪.	অগ্রণী ব্যাংক, প্রিন্সিপাল অফিস	চলতি-০১০৭১৬৬
৫.	রূপালী ব্যাংক, প্রিন্সিপাল অফিস	চলতি-৭৩৮৯-৫
৬.	উত্তরা ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা	সিডি-৬৪১
৭.	দি অরিয়েন্টাল ব্যাংক লিঃ, প্রিন্সিপাল অফিস	চলতি-৩৩০১৬৬৫৭
৮.	আল আরাফা ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, মতিঝিল শাখা	চলতি-২৩৩০৩০৯৮৭
৯.	ন্যাশনাল ব্যাংক, (শুধুমাত্র মতিঝিল শাখায় জমা নেয়া হয়)	সিডি-২১৮
১০.	সোনালী ব্যাংক, বায়তুল মোকাররম, ঢাকা	চলতি-১০৮২৮৮

৩। এমতাবস্থায়, প্রবাসী ধনী বিত্তশালীগণ “সরকারী যাকাত ফান্ডে”-র উক্ত হিসাব নম্বরসমূহে যাকাতের অর্থ প্রেরণ করে স্বদেশের দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণে এগিয়ে আসতে পারেন।

বাংলাদেশ দূতাবাস
ষ্টকহোম